

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুল্হ
বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: পবিত্র আল কোরআন ও হাদিসের আলোকে তাওহীদ
(আল্লাহর একত্ববাদ)-৭

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আল-মুমিন ৪০:৩

১. পাপ ক্ষমাকারী, তওবা কবুলকারী, কঠোর শাস্তিদাতা ও তিনি ব্যতীত কোন মা'বুদ নেই।



যিনি পাপ ক্ষমা করেন এবং তাওবাহ কবুল করেন, যিনি শাস্তি দানে কঠোর, শক্তিশালী। তিনি ব্যতীত কোন
মা'বুদ নেই। প্রত্যাবর্তন তাঁরই নিকট। (সূরাঃ আল-মুমিন ৪০:৩)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আল-মুমিন ৪০:১৬

২. যেদিন তারা বের হয়ে পড়বে, আল্লাহর কাছে তাদের কিছুই গোপন থাকবে না।



যেদিন মানুষ বের হয়ে পড়বে। সেদিন আল্লাহর নিকট তাদের কিছুই গোপন থাকবে না। ঐ দিন কর্তৃত্ব কার?
এক, পরাক্রমশালী আল্লাহরই। (সূরাঃ আল-মুমিন ৪০:১৬)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আল-মুমিন ৪০:৬২

৩. তিনি আল্লাহ, তোমাদের পালনকর্তা, সব কিছুর স্রষ্টা।



তিনিই আল্লাহ তোমাদের রাব্ব, সব কিছুর স্রষ্টা; তিনি ব্যতীত কোন মা'বুদ নেই; সুতরাং তোমরা কিভাবে বিপথগামী হচ্ছে? (সূরাঃ আল-মুমিন ৪০:৬২)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আল-মুমিন ৪০:৬৫

৪. তিনি চিরঞ্জীব, তিনি ব্যতীত কোন উপাস্য নেই।



তিনি চিরঞ্জীব, তিনি ব্যতীত কোন মা'বুদ নেই। সুতরাং তোমরা তাঁকেই ডাক, তাঁর আনুগত্যে একনিষ্ঠ হয়ে। প্রশংসা জগতসমূহের রাব্ব আল্লাহর প্রাপ্য। (সূরাঃ আল-মুমিন ৪০:৬৫)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ হামিম সাজদাহ/ফুসিলাত ৪১:৬

৫. বলুন, আমিও তোমাদের মতই মানুষ, আমার প্রতি ওহী আসে যে, তোমাদের মা'বুদ একমাত্র মা'বুদ।



বলঃ আমিও তোমাদের মতই একজন মানুষ, আমার প্রতি অহী হয় যে, তোমাদের মা'বুদ একমাত্র মা'বুদ। অতএব তাঁরই পথ দৃঢ়ভাবে অবলম্বন কর এবং তাঁরই নিকট ক্ষমা প্রার্থনা কর। দুর্ভোগ অংশীবাদীদের জন্য – (সূরাঃ হামিম সাজদাহ/ফুসিলাত ৪১:৬)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আয-যুখরুফ ৪৩:২৬

৬. যখন ইব্রাহীম বলল, তোমরা যাদের পূজা কর, তাদের সাথে আমার কোন সম্পর্ক নেই।



স্মরণ কর, ইব্রাহীম তার পিতা এবং সম্প্রদায়কে বলেছিলঃ তোমরা যাদের পূজা কর তাদের সাথে আমার কোন সম্পর্ক নেই। (সূরাঃ আয-যুখরুফ ৪৩:২৬)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আয-যুখরুফ ৪৩:২৭

৭. তবে আমার সম্পর্ক তাঁর সাথে যিনি আমাকে সৃষ্টি করেছেন।



সম্পর্ক আছে শুধু তাঁরই সাথে যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং তিনিই আমাকে সৎ পথে পরিচালিত করবেন। (সূরাঃ আয-যুখরুফ ৪৩:২৭)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আয-যুখরুফ ৪৩:৪৫

৮. আপনার পূর্বে আমি যেসব রাসূল প্রেরণ করেছি, তাদেরকে জিজ্ঞেস করুন, আল্লাহ ব্যতীত আমি কি কোন উপাস্য স্থির করেছিলাম এবাদতের জন্যে?



তোমার পূর্বে আমি যে সব রাসূল প্রেরণ করেছিলাম তাদেরকে তুমি জিজ্ঞেস কর, আমি কি দয়াময় আল্লাহ ব্যতীত কোন উপাস্য স্থির করেছিলাম যার ইবাদাত করা যায়? (সূরাঃ আয-যুখরুফ ৪৩:৪৫)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আয-যুখরুফ ৪৩:৮৪


৯. তিনিই উপাস্য নভোমন্ডলে এবং তিনিই উপাস্য ভূমন্ডলে।



তিনিই মা'বুদ নভোমন্ডলের, তিনিই মা'বুদ ভূতলের এবং তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। (সূরাঃ আয-যুখরুফ ৪৩:৮৪)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আদ-দুখান ৪৪:৮

১০. তিনি ব্যতীত কোন উপাস্য নেই। তিনি জীবন দান করেন ও মৃত্যু দেন।



তিনি ব্যতীত কোন মা'বুদ নেই, তিনি জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান; তিনিই তোমাদের এবং তোমাদের পূর্ব-পুরুষদেরও রাবব। (সূরাঃ আদ-দুখান ৪৪:৮)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরাঃ আল-আহকাফ ৪৬:৪

১১. বলুন, তোমরা আল্লাহ ব্যতীত যাদের পূজা কর, তাদের বিষয়ে ভেবে দেখেছ কি?



বলঃ তোমরা আল্লাহর পরিবর্তে যাদেরকে ডাক তাদের কথা ভেবে দেখেছ কি? তারা পৃথিবীতে কি সৃষ্টি করেছে আমাকে দেখাও অথবা আকাশমন্ডলীতে তাদের কোন অংশীদারীত্ব আছে কি? পূর্ববর্তী কোন কিতাব অথবা পরম্পরাগত কোন জ্ঞান থাকলে তা তোমরা আমার নিকট উপস্থিত কর - যদি তোমরা সত্যবাদী হও। (সূরাঃ আল-আহকাফ ৪৬:৪)

বুখারী হাদিস ৭৩৮৩

أَبُو مَعْمَرٍ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ حَدَّثَنَا حُسَيْنُ الْمُعَلِّمِ حَدَّثَنِي عَبْدُ
اللَّهِ بْنُ بَرِيْدَةَ عَنْ يَحْيَى بْنِ يَعْمَرَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ أَعُوذُ بِعِزَّتِكَ الَّذِي لَا إِلَهَ إِلَّا
أَنْتَ الَّذِي لَا يَمُوتُ وَالْجِنُّ وَالْإِنْسُ يَمُوتُونَ

ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ কথা বলে দু'আ
করতেনঃ আমি আপনার ইয়্যতের আশ্রয় চাচ্ছি, আপনি ছাড়া কোন ইলাহ নেই। আর আপনার
কোন মৃত্যু নেই। অথচ জ্বিন ও মানুষ সবই মরণশীল।

প্রিয় ভাই ও বোনেরা, একমাত্র আল্লাহর এবাদাত কর। আল্লাহ ছাড়া অন্য কাউকে শরীক করো না। আল্লাহ ছাড়া অন্য
কাউকে শরীক করলে, কাফেরে পরিণত হবে। আর আল্লাহ কাফেরদের কখনোই ক্ষমা করবেন না। আসুন, আমরা এক
আল্লাহতে বিশ্বাস করি। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুল্হ

Click here <http://www.morningbrightness.fi/>